



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
মাদ্রাসা পরিদর্শন দপ্তর  
www.iau.edu.bd  
বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং:- ইআবি/পরি/অনার্স-অধিভুক্তি/২০২২/১৪৬৬০

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ  
০৯ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

শাহজালাল জামেয়া ইসলামিয়া কামিল মাদ্রাসা, ডাকঘর: পাঠানটুলা, উপজেলা: সদর, জেলা: সিলেট (মাদ্রাসা কোড: ১৮৬৯৯, EIIN: 130437) এর ফাজিল স্নাতক (অনার্স) আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিষয়ে অধিভুক্তির লক্ষ্যে অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর প্রথম সংবিধির ধারা ৪.(৪) ক অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন, ০৪.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ১২তম সভার সিদ্ধান্ত ও সুপারিশ, ০৬.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ১৯তম সভার সুপারিশ এবং ১০.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৩৫তম সভার অনুমোদনক্রমে উক্ত মাদ্রাসার ফাজিল স্নাতক (অনার্স) আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিষয়ে ১২.১১.২০২১ থেকে ০৩.০২.২০২৫ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষভাবে প্রাথমিক পাঠদানের মেয়াদ বৃদ্ধি এবং ফাজিল স্নাতক (অনার্স) আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিষয়ে নিম্নবর্ণিত শর্তে ০৪.০২.২০২৫ থেকে ০৩.০২.২০২৯ তারিখ পর্যন্ত আগামী ০৪ (চার) বছরের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করা হলো।

শর্তসমূহ:

১. শ্রেণিকক্ষে মূল কিতাবের মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে;
২. সরকারি ও বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রতিষ্ঠানের সকল কার্যক্রম পরিচালনা করতে হবে;
৩. নিয়মিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ভিজিট করতে হবে;
৪. অফিস সহকারীসহ পর্যায়ক্রমে শিক্ষক ও কর্মকর্তাকে প্রশিক্ষণ এবং গবেষণা কার্যক্রমে উৎসাহ প্রদানে প্রতিষ্ঠানকে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে;
৫. মাদ্রাসার একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম বিধি মোতাবেক অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
৬. শিক্ষার মানোন্নয়ন, কাংখিত শিক্ষার্থী ভর্তি, আর্থিক সক্ষমতা অর্জন ও সর্বক্ষেত্রে অধিকতর জবাবদিহিতার লক্ষ্যে শিক্ষক, অভিভাবক ও শিক্ষানুরাগী ব্যক্তিদের নিয়ে মাদ্রাসা পরিচালনা পরিষদ বছরে অন্তত ০২ (দুই)টি সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করবে;
৭. মাদ্রাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদ্রাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে;
৮. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তি নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

(মোঃ আইউব হোসেন)  
রেজিস্ট্রার

ও

মাদ্রাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
মোবাইল নম্বর: ০১৭০৫ ৪০৮০০১  
iauregistr@gmail.com

অধ্যক্ষ

শাহজালাল জামেয়া ইসলামিয়া কামিল মাদ্রাসা  
ডাকঘর: পাঠানটুলা, উপজেলা: সদর, জেলা: সিলেট।

স্মারক নং:- ইআবি/পরি/অনার্স-অধিভুক্তি/২০২২/১৪৬৬০(৬)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ  
০৯ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
৪. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. সভাপতি, শাহজালাল জামেয়া ইসলামিয়া কামিল মাদ্রাসা, পাঠানটুলা, সিলেট।
৬. অফিস নথি।

(মোঃ জাহান উদ্দিন)

সহকারী মাদ্রাসা পরিদর্শক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
মোবাইল নম্বর: ০১৭২৪ ৮০৮৫২৪